

২০১৯

বাংলা (স্নাতকোত্তর)

পাঠপর্যায় - ২

পাঠমালা - ২০২

উনিশ-বিশ শতকের কাব্য-কবিতা পাঠ

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘন্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ - প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

বিভাগ - 'ক'

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো ৪

X২=৮

১. 'মেঘনাদবধকাব্য'-এর যে চারটি সর্গ তোমার পাঠ্য, সেই সর্গগুলির নাম লেখো।
২. 'মারি অরি পারি যে কৌশলে' - কে কাকে এ কথা বলেছে? কথাটির অর্থ কী?
৩. 'পাখির নীড়ের মতো চোখ তুলে নাটোরের বনলতা সেন' উপমাটির তাৎপর্য লেখো।
৪. 'তোমার কান্নার সুরে বেতের ফলের মতো তার জ্ঞান চোখ মনে আসে - উদ্ধৃতিটির তাৎপর্য আলোচনা করো?
৫. 'ধানসিড়ি নদীর কিনারে আমি শুয়েছিলাম - পউষের রাতে' - কোন কবিতা থেকে উদ্ধৃতিটি নেওয়া হয়েছে? ধানসিড়ি নদী কোথায় অবস্থিত? আমি কে? 'পউষের রাতে'-র প্রসঙ্গ কেন এসেছে?
৬. দীনেশ দাসের কবিতার নাম 'স্বর্ণভস্ম' হলো কেন?
৭. 'ফাটা ডিমে আর তা দিয়ে কী ফল পাবে/ মনস্তাপেও লাগবে না ওতে জোড়া' - ব্যাখ্যা করো।
৮. 'পাথরে পা ডুবিয়ে এক কাটখোঁটা গাছ/ কচি কচি পাতার পাঁজর ফাটিয়ে এসেছে' - এখানে কবিমনের কোন সুপ্ত বাসনা প্রকাশ পেয়েছে?

পরের পৃষ্ঠায় দেখো

পৃষ্ঠা নং - ০২

বিভাগ - 'খ'

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো ৪

X৪=১৬

১. 'মেঘনাদবধকাব্য'-এর প্রথম সর্গের চিত্রাঙ্গদা চরিত্রটি ব্যাখ্যা করো।
২. 'কাল এমন আশ্চর্য রাত ছিল' - 'হাওয়ার রাত' কবিতা অবলম্বনে 'আশ্চর্য রাত'-এর সংক্ষিপ্ত বিবরণ দাও।
৩. 'অন্ধকার' কবিতায় অন্ধকারের মধ্যে কবির যে মৃত্যুভাবনা প্রকাশিত হয়েছে তা আলোচনা করো।
৪. 'সংগতি' কবিতায় সংগতি কথাটিই মূলমন্ত্র হিসেবে তুলে ধরেছেন কবি - আলোচনা করো।
৫. সুভাষ মুখোপাধ্যায়ের 'ফুল ফুটুক না ফুটুক' কবিতায় কবির যে আশাবাদী ভাবনার প্রকাশ ঘটেছে তা লেখো।
৬. শক্তি চট্টোপাধ্যায়ের 'যেতে পারি, কিন্তু কেন যাবো' কবিতায় যে প্রতীকী ব্যঞ্জনা আছে, তা বিশ্লেষণ করো।
৭. 'বাবরের প্রার্থনা' কবিতাটি এক ইতিহাসের ঘটনা স্মরণ করিয়ে দেয়। এই কবিতাটি নির্মাণের ক্ষেত্রে কবির একটি নিজস্ব বেদনার কাহিনীর স্পর্শ আছে - ইতিহাসের নিজস্ব ঘটনা ও কবির ব্যক্তিগত বেদনার ঘটনাদুটি সংক্ষেপে লেখো।
৮. মঙ্গলাচরণ চট্টোপাধ্যায়ের 'জননী যন্ত্রণা' কবিতা অবলম্বনে জননীর যন্ত্রণার পরিচয় দাও।

বিভাগ - 'গ'

যে কোনো দু'টি প্রশ্নের উত্তর লেখো

৮ X ২ = ১৬

১. 'মেঘনাদবধকাব্য'-এর প্রথম সর্গের নামকরণের সার্থকতা বিচার করো।
২. মধুসূদনের 'মেঘনাদবধকাব্য'-এর নবম সর্গের উপযোগিতা আলোচনা করো।
৩. 'বনলতা সেন' কাব্যগ্রন্থের প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে জীবনানন্দের প্রেমচেতনার স্বরূপ বিশ্লেষণ করো।
৪. 'আধুনিক বন্ধ্যায়ুগের অন্তঃসারশূন্য মানবজীবনের নির্মম নিয়তির কবি হলেন সুধীন্দ্রনাথ দত্ত। তাঁর কবিতা এক বিধস্থ পৃথিবীর ছবি' - 'উটপাখি' কবিতা অবলম্বনে সুধীন্দ্রনাথের কবি প্রতিভার এই বিশেষ দিকটি নিয়ে আলোচনা করো।

(আভ্যন্তরীণ মূল্যায়ন - ১০)